বাংলাদেশ চা বোর্ড
প্রধান কার্যালয়
চা বাগান ব্যবস্থাপনা কোষ
১৭১-১৭২ বায়েজীদ বোস্তামী রোড, নাসিরাবাদ, চট্টগ্রাম।
www.teaboard.gov.bd

"বেশি বেশি চা পান করুন
স্বাস্থ্য সুন্দর সতেজ রাখুন"

"বেশি বেশি লিকার চা পানে
ক্যান্সার, হৃদরোগ হার মানে"

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ চা বোর্ড নিয়ন্ত্রিত ও পরিচালিত মৌলভীবাজার জেলায় অবস্থিত চা বাগানের জন্য নিম্নবর্ণিত পদের পার্শ্বে উল্লিখিত যোগ্যতা সাপেক্ষে নিয়োগের নিমিত্ত বাংলাদেশি নাগরিক হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম | বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ব্যবস্থাপক | ৩৫,৫০০-৬৭,০১০ টাকা স্কেলে বাংলাদেশ চা বোর্ডের অনুমোদিত হারে বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন। | ০১ টি | নূন্যতম স্নাতক পাশ। তবে উদ্ভিদ বিজ্ঞান, মৃত্তিকা বিজ্ঞান, কৃষিতত্ত্ব এবং ফরেস্ট্রি বিষয়ে বিএসসি ও এমএসসি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হবে। বয়স: ৪০-৫৫ বছর। বাগান ব্যবস্থাপক/উপব্যবস্থাপক হিসেবে স্বনামধন্য কোন বাগানে কাজের নূন্যতম ১৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

১। দরখাস্তে প্রার্থীর পুরো নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয়তা ও ধর্ম লিপিবদ্ধ করতে হবে।

২। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র এর সত্যায়িত চিত্রলিপি আবেদনের সহিত সংযুক্ত করতে হবে। মৌখিক পরীক্ষার সময় সকল মূল সনদপত্র সঙ্গে আনতে হবে।

৩। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/ ওয়ার্ড কমিশনার এর নিকট হতে জাতীয়তা সনদ এবং গেজেটেড অফিসারের নিকট হতে চারিত্রিক সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি আবেদনের সহিত দাখিল করতে হবে।

৪। বৈধ কাগজপত্র ও সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি সত্যায়িত ছবিসহ আবেদন সচিব, বাংলাদেশ চা বোর্ডকে সম্বোধন করে আগামী ০৫/০১/২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকলীন দাখিল করতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না। ০৫/০১/২০২৬ তারিখ পর্যন্ত বয়স উল্লেখ করতে হবে।

৫। সচিব, বাংলাদেশ চা বোর্ড, এর অনুকূলে ১,০০০/- (এক হাজার) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার দাখিল করতে হবে। পোস্টাল অর্ডার গ্রহণ করা হবে না।

৬। অসম্পূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনের সহিত সংযুক্ত কোন কিছুই ফেরতযোগ্য নহে।

৭। আবেদনের সহিত প্রার্থীর নিজ নাম ও বর্তমান ঠিকানা উল্লেখপূর্বক ১০.০০ টাকার মূল্যমানের ডাকটিকেটসহ ৯.৫× ৪.৫ ইঞ্চি বিশিষ্ট ০১ টি ফেরত খাম সংযুক্তাকারে প্রেরণ করতে হবে।

৮। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি এ / ডি এ প্রদান করা হবে না।

৯। বাংলাদেশ চা বোর্ড নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলি সংশোধন/ বাতিল এবং পদসংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করে।

১০। যে কোন তদবির/ সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

২৮/১২/২৫

চেয়ারম্যান
বাংলাদেশ চা বোর্ডের পক্ষে সচিব (ভারপ্রাপ্ত)